ইত্তেফাক

30

তারিখ ... ... FEB. 07 2000..
পৃষ্ঠা ... কলাম ...



*বাংলা একাডেমীতে অমর একুশের গ্রন্থ মেলার বাহিরে রাজপথে জনতার ঢল* —*ইত্তেফাক*

# বইমেলা ঃ প্রথমদিনেই বিপুলসংখ্যক
## ক্রেতা ও দর্শকের ভিড়

*রেজানুর রহমান ॥ গতকাল (রবিবার) প্রথমদিনেই বইমেলায় বিপুল সংখ্যক ক্রেতা-দর্শকের সমাগম ঘটে। বছরব্যাপী কাঙ্ক্ষিত বইমেলা কিভাবে সাজানো হইয়াছে উহা দেখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের ছাত্র-ছাত্রী, বিভিন্ন এলাকার তরুণ-তরুণী, কবি-সাহিত্যিকবৃন্দ দল বাঁধিয়া মেলায় ভিড় করেন। মাঘের বেরসিক বৃষ্টি মেলা মাঠকে কর্দমাক্ত করিয়া রাখিলেও ক্রেতা-দর্শকেরা বিপুল উৎসাহে মেলা প্রাঙ্গণ চষিয়া* *(১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)*

### বইমেলা

(প্রথম পৃঃ পর)

বেড়াইয়াছেন। বৃষ্টির কারণে বেশ কিছু স্টলের অঙ্গসজ্জা গতকাল সম্পন্ন না হওয়ায় বই কেনার ক্ষেত্রে ক্রেতাদের তেমন আগ্রহ দেখা যায় নাই।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানের বক্তৃতাপর্ব শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে মেলার স্টলসমূহ পরিদর্শন করেন। মেলার মূল প্রাঙ্গণে ঢুকিয়া প্রধানমন্ত্রী প্রথমে 'শিশুমেলার' উদ্বোধন করেন। এই সময় শিশু একাডেমীর স্টল হইতে প্রধানমন্ত্রীকে বই উপহার দেওয়া হয়। শিশুমেলা হইতে বাহির হইয়া প্রধানমন্ত্রী মেলার তথ্য কেন্দ্রে ওয়েব সাইট পরিদর্শন করেন। ইহার পর তিনি বাংলা একাডেমীর নিজস্ব স্টলে ঢুকিয়া স্বল্প সময়ের মধ্যেই একাডেমী হইতে প্রকাশিত ১০টি বই কেনেন। বইগুলি হইলঃ এসেনসিয়াল এভরীডে বেঙ্গলি, সহজ বাংলা অভিধান, শান্তি সমুজ্জ্বল, মোজাফফরনামা, ঐতিহাসিক অভিধান, পার্ল ওয়্যান অফ ঢাকা, শিক্ষা ও সমাজ কাঠামো, বাংলা একাডেমীর ৪০ বছর পূর্তি, মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প, ও বিজ্ঞান বিশ্বকোষ দ্বিতীয় খন্ড। বাংলা একাডেমীর স্টল হইতে বাহির হইয়া প্রধানমন্ত্রী জোনাকী, সম্মিলিত সাংস্কৃতিক জোট, আগামী প্রকাশনী এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের স্টল পরিদর্শন করেন। বিকাল ৫টায় প্রধানমন্ত্রী বইমেলা প্রাঙ্গণ ত্যাগ করিলে মেলায় অপেক্ষমাণ ক্রেতা-দর্শকের ঢল নামিয়া পড়ে। এই সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ অকস্মাৎ মারমুখী হইয়া উঠিলে ক্ষণিকের জন্য উত্তেজনা দেখা দেয়। কিন্তু কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।

গত দুইদিনের অনাকাঙ্ক্ষিত বৃষ্টির কারণে মেলার স্টল ও গেট নির্মাণ কাজ গতকাল সমাধা করা যায় নাই। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী চলিয়া যাওয়ার পর মেলার বিভিন্ন স্টল, মূল ফটক নির্মাণের তোড়জোড় শুরু হইয়া যায়। আকাশ পরিষ্কার থাকিলে আজ মেলা ঝকঝকে-তকতকে করিয়া তোলা হইবে। মেলার বিভিন্ন এলাকা ৫২'র ভাষা শহীদদের নামে নামকরণ করা হইয়াছে। নজরুল এবং রবীন্দ্র চত্বরকেও নান্দনিক পরিবেশে সাজানো হইয়াছে। মেলার বাহিরে ফুটপাতে ভ্রাম্যমাণ দোকান-পসরা বসিবে না এই ঘোষণা দেওয়া হইলেও গতকাল ইতস্ততঃ-বিক্ষিপ্তভাবে দোকান-পসরা বসিয়াছে। এই ব্যাপারে একাডেমী কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হইলে বলা হইয়াছে, আজ এই পরিবেশের উন্নতি হইবে। এদিকে মেলার প্রথমদিনেই উল্লেখযোগ্য সংখ্যক নূতন বই আসিয়াছে। অন্য প্রকাশ হইতে প্রকাশিত রাহাত খানের উপন্যাস 'আইবেকের দৈত্য, আনিসুজ্জামানের 'মুনীর চৌধুরী', হুমায়ূন আহমেদের উপন্যাস শুভ্র, সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরের 'তিন সমুদ্রের দেশে', নাসরিন জাহানের 'স্বর্গলোকের ঘোড়া' গতকাল মেলায় আসিয়াছে।

উল্লেখ্য, আজ বিকাল ৩টায় মেলা শুরু হইবে। রাত ৯টা পর্যন্ত মেলা চলিবে। বিকাল ৪টায় মেলার মূল মঞ্চে আলোচনা সভা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হইবে।

জোনাকী প্রকাশনী হইতে প্রকাশিত হইয়াছে যুব ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরের নূতন বই 'মেঘে মেঘে অনেক বেলা'।